



# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়ঃ বাড়ী নং-০৫, এডিনিউ-০৩, হাজীরোড, রূপনগর বা/এ,  
মিরপুর-২, ঢাকা-১২১৬



স্মারকঃ পিডিবিএফ/ ইনো. টিম/ ২০১৮/ ৭১০৭

তারিখঃ ১০/১২/২০১৮

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের ২৯ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

২৯/১১/২০১৮ তারিখে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ইনোভেশন টিমের সভা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পিডিবিএফ এর ইনোভেশন অফিসার জনাব মোঃ সহিদ হোসেন সেলিম। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

## ২। উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচিত বিষয়-১: পূর্বের সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

পূর্বের সভার কার্যবিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে তা নিশ্চিতকরণ করা হয়।

আলোচিত বিষয়-২: ডিজিটাল নথি ব্যবস্থাপনা বিষয় সংক্রান্ত আলোচনা।

উক্ত সভায় সবাই একমত পোষণ করেন যে ডিজিটাল নথির যথাযথ প্রয়োগ সম্ভব হলে পিডিবিএফ এ প্রধান কার্যালয়ের সাথে মন্ত্রণালয়ের এবং আঞ্চলিক কার্যালয় সমূহের সাথে যোগাযোগ ব্যবস্থার আরো আধুনিকায়ন সম্ভব হবে।

এছাড়াও পিডিবিএফ এ ইনহাউজ সফটওয়্যার নির্মাণের প্রয়োজনীয়তার উপর আলোকপাত করা হয়। ইনহাউজ সফটওয়্যার চালু থাকলে তৃতীয় পক্ষের সাহায্যের প্রয়োজনীয়তা কমে যাবে এবং যে কোনো সমস্যায় নিজেদের দক্ষ জনবল দ্বারা তার সমাধান সম্ভব বলে আলোচকগণ মনে করেন।

এছাড়াও ন্যাশনাল ওয়েব পোর্টালে পিডিবিএফ এর ওয়েবসাইটের নিয়মিত হালনাগাদকরণের উপর গুরুত্ব আরোপ করা হয়।

আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. ডিজিটাল নথি ব্যবহার নিশ্চিতকরণ।
২. ইনহাউজ সফটওয়্যার তৈরির উপর গুরুত্ব আরোপ।
৩. পিডিবিএফ এর ওয়েবসাইটের নিয়মিত হালনাগাদকরণ।

০৩। বিবিধঃ

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদ হোসেন সেলিম)

পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

এবং

ইনোভেশন অফিসার